4103

4258

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

367963

SR: 3188

10.5.12

27/11/12

The document is admitted to registration. The Signature Sheet and the endorsement Sheets attached to this document are the part of this document.

A - 13112/-
H - 28/-
MB - 4/
13144/-

District Sub-Registrar,
Uttar Dinajpur, Karnajora
10 MAY 2012

Bal Kishan Agarwala (Self)

## শুভ দানপত্র দলিল

পৌর এলাকা ভুক্ত

থানা - রায়গঞ্জ

মৌজা - বারুয়া

জে. এল. নং- ১৫২

জমি - ১৫৭৪.৫০ বর্গফুট

যাহা শতকের মাপে ৩.৬০৮২ শতক

মুল্য ১১,৯২,৮৮০/- টাকা।

**************************

## -ঃ দানপত্র গ্রহীতা ঃ-

শ্রী সঞ্জয় সরাফ পিতা শ্রী বালকিষন আগরওয়ালা (সরাফ) জাতি- হিন্দু, পেশা ব্যবসাদী, নাগরিকত্ব- ভারতীয় সাকিন- এন. এস. রোড (মোহনবাটী), পোঃ ও থানা রায়গঞ্জ, জেলা- উত্তর দিনাজপুর।

Bal Kishan Agarwala (Saraf)

## -ঃ দানপত্র দাতা ঃ-

শ্রী বালকিষন আগরওয়ালা (সরাফ) পিতা স্বর্গীয় নাগরমল আগরওয়ালা (সরাফ) জাতি- হিন্দু, পেশা- ব্যবসাদী, নাগরিকত্ব- ভারতীয় সাকিন- এন. এস. রোড (মোহনবাটী), পোঃ ও থানা- রায়গঞ্জ, জেলা- উত্তর দিনাজপুর।

কস্য শুভ দানপত্র দলিল মিদং লিখনং কার্য্যাঞ্চাগে, অত্র দলিলে দানগ্রহীতা তুমি আমার ঔরষজাত পুত্র। অতীব স্নেহের ও ভালোবাসার পাত্র। অনিত্য সংসারের অনিত্য জীবন কখন যে জীবন দীপ নির্ব্বাপিত হইবে তাহা কিছুই বলা যায় না। তোমার শৈশব কাল হইতেই তুমি আমাকে যথেষ্ট শ্রদ্ধা-ভক্তি, সেবা-যত্ন এবং আমার প্রতি যথাসাধ্য কর্ত্তব্য পালন করিয়া আসিতেছ। এমন কি আমার আপদে-বিপদে, সুখে-দুঃখে পাশে পাশে থাকিয়া সর্ব্বরকম সহযোগিতা করিয়া আসিতেছ। অর্থাৎ পুত্র হিসাবে পিতার প্রতি যাহা যাহা করণীয় কর্ত্তব্য তাহার সকলই তুমি যথাযথ ভাবে পালন করিয়া আসিতেছ। তোমার মহানুভবতাও অপরিসীম। আমার দীর্ঘ দিনের বাসনা তোমাকে কিছু ভূ-সম্পত্তি দান করি। তোমার আমার প্রতি শ্রদ্ধা-ভক্তি, সেবা-যত্ন এবং আমার প্রতি যথেষ্ট কর্ত্তব্য পরায়নতায় আমি তোমার প্রতি অত্যন্ত প্রীত ও সন্তুষ্ট হইয়া এবং আমার উক্ত দীর্ঘ দিনের মনোবাসনা পূরণার্থে আমার হক্ স্বত্ত্ব দখলীয় নিম্ন তপশীল বর্ণিত জমি জমা যাহা পূর্বে জেঠমল বৈদ এবং শান্তিলাল বৈদ এর নামে সেটেলমেন্ট আর. এস. রেকর্ড ভূক্ত ছিল। জেঠমল বৈদ এবং শান্তিলাল বৈদ এর নামে সেটেলমেন্ট আর. এস. রেকর্ড মূলে স্বত্ত্ববান থাকিয়া রায়গঞ্জ রেজেষ্ট্রী অফিসের গত ইং ১৯৬৭ সালে ১১১৩৪ নং এবং ১১১৩৫ নং রেজেষ্ট্রীকৃত বিক্রয় কবালা দলিল মূলে মোহিনী দেবী, ওম প্রকাশ সরাফ, যুগল কিশোর সরাফ এবং আমার বরাবর বিক্রয় করিয়া এবং উহার দখলাদি আমাদের অর্পন করেন। ওম প্রকাশ সরাফ, মোহিনী দেবী, যুগল কিশোর সরাফ উক্ত সম্পত্তি খানা তাঁহাদের স্বত্ব রায়গঞ্জ রেজেষ্ট্রী অফিসে গত ইং ১৯৭১ সালে ৬২৫৫ নং, ৪৭৫৪ নং ও ৪৭৫৭ নং রেজেষ্ট্রীকৃত বিক্রয় কবালা দলিল মূলে আমার মাতা স্বর্গীয় গিগী দেবীর বরাবর বিক্রয় করেন। উক্ত সম্পত্তি আমার মাতা ক্রয়ের পর আমার মাতা ও আমি নিম্ন তপশীল বর্ণিত ভূমি এজমালিতে মালিক ও দখলিকার থাকি।

ইতি মধ্যে আমার মাতা আমাকে তাঁহার একমাত্র ওয়ারীশ রাখিয়া পরলোক গমন করেন, আমি আমর মাতার মৃত্যুর পর তাঁহার পরিত্যাক্ত সম্পত্তি ওয়ারীশশান সূত্রে প্রাপ্ত হই। উক্ত রূপে আমি তপশীল বর্ণিত সম্পত্তিতে মালিক দখলিকার হইতেছি। বর্ত্তমান উক্ত সম্পত্তি আমার নিজ নামে এল. আর. রেকর্ড ভূক্ত করাইয়া ষোল আনায় স্বত্ত্ববান ও মালিক দখলিকার থাকিয়া অন্যের নিরাপত্তিতে এযাবৎ কাল দখল ভোগ করিয়া আসিতেছি এবং যাহার বর্ত্তমান সর্ব্বোচ্চ বাজার মূল্য আনুমানিক ১১,৯২,৮৮০/- (এগারো লক্ষ বিরানব্বই হাজার আট শত আশি) টাকা হইবে তাহা তোমাকে দান করিয়া দিবার প্রস্তাব করিলে তুমি উক্ত প্রস্তাব সানন্দে গ্রহন করিয়া দানকৃত সম্পত্তির দখল লইতে সম্মতঃ হইলে নিম্ন তপশীল বর্ণিত জমি জমা তোমাকে চিরতরে দান করিয়া দিয়া দানকৃত জমি জমার দখল তোমার অনুকুলে ছাড়িয়া দিয়া নিঃস্বত্ত্ববান হইয়া অত্র দানপত্র দলিল তোমার বরাবর লিখিয়া দিয়া স্বীকার ও আঙ্গিকার করিতেছি যে.....

নিম্ন তপশীল বর্ণিত জমি জমাতে আমার যে সকল স্বত্ত্ব স্বামীত্ব ও দখলাদী আছে তাহা সম্পূর্ণ রূপে রদ ও রহিত হইয়া অত্র দানপত্র দলিলমূলে তোমার প্রতি বর্তিল। তুমি অদ্য হইতে আমার যাবতীয় হক্ স্বত্ত্বে স্বত্ত্ববান ও মালিক দখলিকার হইয়া উর্দ্ধতন মালিক সারকার সেরেস্তায় সাবেক নাম খারিজে তোমার নিজ নাম জারি করতঃ খাজনাদি আদায় দিয়া চেক্ দাখিলা গ্রহনে যদৃচ্ছা দান, বিক্রয়, বিনিময়, উইল, মর্টগেজ ইত্যাদি সর্ব্ব প্রকার হস্তান্তর করণের ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশানগণ ক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিবে। তাহাতে আমি কি আমার অন্য কোন ওয়ারিশগন কেহ কোন প্রকার বাঁধাদান বা ওজর আপত্তি করিতে পরিব না কি পারিবে না। করিলে তাহা সর্ব্বাদালতে সর্ব্বতো ভাবে আইনতঃ অগ্রাহ্য বলিয়া গন্য হইবে। প্রকাশ থাকে যে তপশীলের লিখিত সম্পত্তি ইতি পূর্ব্বে অন্য কোন স্থানে কাহারও নিকট কোন প্রকার দায়বদ্ধ, দান কি অন্য কোন প্রকার হস্তান্তরাদি করিয়া স্বত্ত্বের হানি জনক কোন কার্য্য করি নাই। উক্ত জমি জমা সম্পুর্ন নির্দায় মুক্ত ও নিঃষ্কন্টক্ অবস্থায় তোমাকে দান করিলাম।

এতদর্থে স্বেচ্ছায় সজ্ঞানে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে নিজ কর্ত্তব্য বোধে অত্র দানপত্র দলিল সম্পাদন করিয়া দিলাম ইতি। সন ১৪১৯ (চৌদ্দ শত উনিশ) সালের ২০ শে বৈশাখ, ইংরাজী ২০১২ (দুই হাজার বার) সালের ৩ রা মে।

## -ঃ ১ নং তপশীল বর্ণিত সম্পত্তি ঃ-

জেলা উত্তর দিনাজপুর কালেকটারীর ৮৬ নং তৌজি থানা রায়গঞ্জ, এ. ডি. এস. আর. অফিস ও সদর রেজিষ্ট্রারী অফিস রায়গঞ্জ অন্তর্গতঃ মৌজা ১৫২ নং বারুয়া মধ্যে মালিক মহামান্য পশ্চিমবঙ্গ সরকার বাহাদুর অধীন ১৬২ নং খতিয়ানের অধিনস্থ ১৬৭ নং খতিয়ান যাহা এল. আর. ৯৩৮ নং খতিয়ানের ১৪০ শতক জমির কাত বার্ষিক ১২.৩০ টাকার জমার দখলি স্বত্ত্ব বিশিষ্ট রায়তি স্বত্ত্বের জমা মধ্যে নিম্ন দাগে বর্ণিত ২০০ বর্গফুট জমি অত্র দানপত্র ভুক্ত।

থানা - রায়গঞ্জ, মৌজা- বারুয়া

জে. এল. নং ১৫২

১৬২ (এক শত বাষট্টি) নং খতিয়ানের অধিনস্থ ১৬৭ (এক শত সাতষট্টি) নং খতিয়ান যাহা--- এল. আর. ৯৩৮ (নয় শত আটত্রিশ) নং খতিয়ান।

আর. এস. ৩৪১ (তিন শত একচল্লিশ) নং দাগ যাহার এল. আর. ২৮৯৪ (দুই হাজার আট শত চুরানব্বই) নং দাগে বাস্তু ৩৪.৫০ শতক জমি মধ্যে ২০০ (দুই শত) বর্গফুট জমি অত্র দানপত্র ভুক্ত সম্পত্তি।

## -ঃ ২ নং তপশীল বর্ণিত সম্পত্তি ঃ-

জেলা উত্তর দিনাজপুর কালেকটারীর ৮৬ নং তৌজি থানা রায়গঞ্জ, এ. ডি. এস. আর. অফিস ও সদর রেজিষ্ট্রারী অফিস রায়গঞ্জ অন্তর্গতঃ মৌজা ১৫২ নং বারুয়া মধ্যে মালিক মহামান্য পশ্চিমবঙ্গ সরকার বাহাদুর অধীন আর. এস. ১৬৫ নং খতিয়ান যাহা এল. আর. ৯৩৮ নং খতিয়ানের ৩৪.৫০ শতক জমির কাত বার্ষিক যাহা খাজনার যোগ্য জমার দখলি স্বত্ত্ব বিশিষ্ট রায়তি স্বত্ত্বের জমা মধ্যে নিম্ন দাগে বর্ণিত ১৩৭৪.৫০ বর্গফুট জমি অত্র দানপত্র ভুক্ত।

থানা - রায়গঞ্জ, মৌজা- বারুয়া
জে. এল. নং ১৫২

আর. এস. ১৬৫ (এক শত পঁয়ষট্টি) নং খতিয়ান যাহা---
এল. আর. ৯৩৮ (নয় শত আটত্রিশ) নং খতিয়ান।

আর. এস. ৩৪২ (তিন শত বিয়াল্লিশ) নং দাগ যাহার এল. আর. ২৮৯৪ (দুই হাজার আট শত চুরানব্বই) নং দাগে বাস্তু ৩৪.৫০ শতক জমি মধ্যে ১০০০ (এক হাজার) বর্গফুট জমি অত্র দানপত্র ভুক্ত সম্পত্তি।

আর. এস. ৩৪৩ (তিন শত তেতাল্লিশ) নং দাগ যাহার এল. আর. ২৮৯৪ (দুই হাজার আট শত চুরানব্বই) নং দাগে বাস্তু ৩৪.৫০ শতক জমি মধ্যে ৩৭৪.৫০ (তিন শত চুয়াত্তোর দশমিক পাঁচ শূন্য) বর্গফুট জমি অত্র দানপত্র ভুক্ত সম্পত্তি।

---

দুইটি দাগে মোট ১৩৭৪.৫০ (এক হাজার তিন শত চুয়াত্তোর দশমিক পাঁচ শূন্য) বর্গফুট জমি অত্র দানপত্র ভুক্ত সম্পত্তি।

---

উভয় তপশীলে মোট ১৫৭৪.৫০ (এক হাজার পাঁচ শত চুয়াত্তোর দশমিক পাঁচ শূন্য) বর্গফুট যাহা শতকের মাপে ৩.৬০৮২ (তিন দশমিক ছয় শূন্য আট দুই) শতক জমি অত্র দানপত্র ভুক্ত সম্পত্তি।

<u>দানকৃত জমির পরিমাপ ঃ-</u>
উত্তরে- ৪৭ ফুট, দক্ষিনে- ৪৭ ফুট, পূর্ব্বে- ৩৩ ফুট ৬ ইঞ্চি এবং পশ্চিমে- ৩৩ ফুট ৬ ইঞ্চি।

<u>দানকৃত জমির চৌহদ্দী যাহার ঃ-</u>
উত্তরে- শুশীলা সরাফের জমি, দক্ষিনে- চন্দনা ভৌমিক এর জমি, পূর্ব্বে- হাল দানপত্র সূত্রে প্রাপ্ত দান গ্রহীতার এর জমি এবং পশ্চিমে- পি. ডাব্লু. ডি. পাকা রাস্তা।

Bal Kishan Agarwala (Baroyt)

Bal Kishan Agarwala (Saraf)


অত্র দলিলে ৫০০০/- টাকার মোট ১ খানা ষ্ট্যাম্প, কংকেষ্ট পেপার ৫ খানা ও দুই,জন ইসাদী রহিল। ইহা ছাড়া আরও ১ খানা কংকেষ্ট পেপারে দাতা ও গ্রহীতার হাতের দশ আঙ্গুলের টিপ ছাপ ও ছবি সহ রহিল। তৎসহ ৯৬৪/- মূল্যের ব্যাঙ্ক ড্রাফট দেওয়া রহিল।

ইসাদীঃ-

কম্পিউটার টাইপ কারক
S. S. Hossin
সাহেব সাজ্জাদ হুসেন
কর্ণজোড়া, উত্তর দিনাজপুর

Bal Kishan Agarwala (Saraf)
দলিল মুসাবিদা কারক ও পাঠক
শিবপদ দেবনাথ
L.C. No. 84/R
রায়পুর, রায়গঞ্জ, উঃ দিঃ

## SPECIMEN FOR TEN FINGER PRINTS

| Sl. No. | Signature of the |
|---|---|
| |  Prof Kishan Agarwala ([illegible]) |

(LEFT HAND)



| L | R | M | F | T |
|---|---|---|---|---|

(RIGHT HAND)



| T | F | M | R | L |
|---|---|---|---|---|

## SPECIMEN FOR TEN FINGER PRINTS

| Sl. No. | Signature of the |
|---|---|
| |  Sanjay [illegible] |

(LEFT HAND)



| L | R | M | F | T |
|---|---|---|---|---|

(RIGHT HAND)



| T | F | M | R | L |
|---|---|---|---|---|

## SPECIMEN FOR TEN FINGER PRINTS

| Sl. No. | Signature of the |
|---|---|
| | |

(LEFT HAND)

| L | R | M | F | T |
|---|---|---|---|---|
| | | | | |

(RIGHT HAND)

| T | F | M | R | L |
|---|---|---|---|---|
| | | | | |

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the D.S.R.UTTAR DINAJPUR, District- Uttar Dinajpur
Signature / LTI Sheet of Serial No. 04103 / 2012, Deed No. (Book - I , 04258/2012)

I. Signature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|
| Bal Kishan Agarwala ( Saraf ) Village N . S . Road ( Mohanbati ), Thana:-Raiganj, District:-Uttar Dinajpur, WEST BENGAL, India, P.O. :-Raiganj |  10/05/2012 |  LTI 10/05/2012 | Bal Kishan Agarwala (Saraf) |

II. Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Bal Kishan Agarwala ( Saraf ) Address -Village:N . S . Road ( Mohanbati ), Thana:-Raiganj, District:-Uttar Dinajpur, WEST BENGAL, India, P.O. :-Raiganj | Self |  10/05/2012 |  LTI 10/05/2012 | Bal Kishan Agarwala (Saraf) |

**Name of Identifier of above Person(s)**
Amal Mandal
Village:Rupahar, Thana:-Raiganj, District:-Uttar Dinajpur, WEST BENGAL, India, P.O. :-

**Signature of Identifier with Date**

(Asit Kumar Joarder)
DISTRICT SUB-REGISTRAR OF UTTAR DINAJPUR
Office of the D.S.R.UTTAR DINAJPUR

 10/05/2012

## Government Of West Bengal
### Office Of the D.S.R.UTTAR DINAJPUR
District:-Uttar Dinajpur

### Endorsement For Deed Number : I - 04258 of 2012
(Serial No. 04103 of 2012)

**On**

**Payment of Fees:**

**On 10/05/2012**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(i) of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 13144.00/-, on 10/05/2012

( Under Article : A(1) = 13112/- ,H = 28/- ,M(b) = 4/- on 10/05/2012 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-11,92,880/-

Certified that the required stamp duty of this document is Rs.- 5964 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 964/- is paid, by the draft number 451241, Draft Date 10/05/2012, Bank Name State Bank of India, RAIGANJ BAZAR, received on 10/05/2012

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 13.53 hrs on :10/05/2012, at the Office of the D.S.R.UTTAR DINAJPUR by Bal Kishan Agarwala ( Saraf ) ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 10/05/2012 by

1. Bal Kishan Agarwala ( Saraf ), son of Late Nagar Mal Agarwala ( Saraf ) , Village:N . S . Road ( Mohanbati ), Thana:-Raiganj, District:-Uttar Dinajpur, WEST BENGAL, India, P.O. :-Raiganj , By Caste Hindu, By Profession : Business

Identified By Amal Mandal, son of Nil Kamal Mandal, Village:Rupahar, Thana:-Raiganj, District:-Uttar Dinajpur, WEST BENGAL, India, P.O. :- , By Caste: Hindu, By Profession: Others.

( Asit Kumar Joarder )
DISTRICT SUB-REGISTRAR OF UTTAR DINAJPUR

( Asit Kumar Joarder )
DISTRICT SUB-REGISTRAR OF UTTAR DINAJPUR

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 12
Page from 1546 to 1556
being No 04258 for the year 2012.

(Asit Kumar Joarder) 11-May-2012
DISTRICT SUB-REGISTRAR OF UTTAR DINAJPUR
Office of the D.S.R. UTTAR DINAJPUR
West Bengal